



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

২০২৩-২৪ অর্থবছরের পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত (৩য় কোয়ার্টার) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মশিয়ার রহমান
সভার তারিখ : ১৮ মার্চ ২০২৪
সময় : বেলা ১১.৩০ ঘটিকা
সভার স্থান : কক্ষ নং-৮০৬, পিকেএসএফ ভবন
সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়সমূহ সুপারিশ করা হয়:

ক্রম. নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১	আর্থিক প্রতিষ্ঠান বিভাগে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২৩-২৪ অর্থবছরের জন্য সেবা/অফিস সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ক আলোচনা	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২৩-২৪ অর্থবছরের জন্য পিকেএসএফ-এর এসইপি প্রকল্পের আওতায় ডিজিটাল ট্রেনিং প্র্যাটফর্মকে সেবা সহজিকরণ এর আওতায় একটি উদ্ভাবনী কার্যক্রম হিসেবে গ্রহণ করা হয়। ইতোমধ্যে ডিজিটাল ট্রেনিং প্র্যাটফর্মটি কিভাবে কাজ করে সে বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুযায়ী একটি প্রসেস ম্যাপ প্রণয়ন করা হয়েছে মর্মে ইনোভেশন কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন।
২	ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত বিষয়ক আলোচনা	উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২৩-২৪ অনুযায়ী ই-ফাইলে নোট নিষ্পত্তির বিষয়ে উল্লেখ রয়েছে। এ বিষয়ে জানানো হয় যে, পিকেএসএফ ইতোমধ্যে ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তি করেছে। পিকেএসএফ-এর এক্সটারনাল অডিটের ট্যুর প্র্যান, এক্সটারনাল অডিট কমপ্রায়েন্স, বিভিন্ন প্যানেল ও প্রজেক্টের কার্যক্রম, ইত্যাদি ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তি করে থাকে। বিগত জানুয়ারি-মার্চ ২০২৪ তারিখের মধ্যে মোট ৩৬৫টি নোট নিষ্পত্তি করা হয়েছে, যার মধ্যে ডি-নথির মাধ্যমে ২৮১টি নোট নিষ্পত্তি করা হয়েছে। ডি-নথিতে নোট নিষ্পত্তির হার ৭৭%। ডি-নথিতে নোট নিষ্পত্তির হার যাতে আরো বাড়ানো যায় সে বিষয়ে সভাপতি প্রশাসন শাখার সহযোগিতা কামনা করেন।
৩	তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ক আলোচনা	তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে যোগাযোগ ও প্রকাশনা শাখা হতে জানানো হয় যে, পিকেএসএফ নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করেছে। এ বিষয়ে সভাপতি পিকেএসএফ-এর সকল শাখাকে তাদের নিজ নিজ শাখার তথ্য দিয়ে তথ্য বাতায়ন হালনাগাদ রাখার বিষয়ে সহযোগিতা কামনা করেন। এ লক্ষ্যে সকল প্রকল্প ও কর্মসূচির টিম লিডারদের নিয়ে একটি সভা করার প্রস্তাব করেন।

পিকেএসএফ ভবন, ই-৪/বি, আগারশাও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

৮৮-০২-২২২২১৮০০১-০০, ২২২২১৮০০৫-০৯

৮৮-০২-২২২২১৮০৪১, ২২২২১৮০৪০

pksf@pksf.org.bd

facebook.com/pksf.org

youtube.com/@PKSF1990



পক্সি কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

৪	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজন সংক্রান্ত আলোচনা	উল্লিখিত সূচকের বিষয়ে ইনোভেশন অফিসার উল্লেখ করেন স্মার্ট বাংলাদেশ বিষয়ক ২টি কর্মশালা/সভা/সেমিনার আয়োজনের একটি বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে বিগত ১ নভেম্বর ২০২৩ তারিখ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি সভা অনুষ্ঠিত হয়। এ বিষয়ক আরেকটি সভা আসন্ন ঈদ-উল-ফিতরের পরে আয়োজনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।
---	--	---

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ শহীয়ার রহমান)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি:

১. ব্যবস্থাপনা পরিচালক
২. ইনোভেশন কমিটির সদস্য (সকল)
৩. আই এন্ড টি শাখা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৪. সংশ্লিষ্ট নথি।










পক্ষী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

পরিশিষ্ট: ক

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মশিয়ার রহমান	উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩	 ১৮/৩/২৪
২	ড. তৌফিক হাসান	মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)	 ১৮/৩/২৪
৩	জনাব মোঃ হুমায়ূন কবির	উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)	 ১৮/৩/২৪
৪	জনাব আবুল কালাম আজাদ	সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম)	 ১৮/৩/২৪
৫	জনাব মোঃ তারিকুল আলম	সহকারী মহাব্যবস্থাপক (আইএন্ডটি)	 ১৮/৩/২৪
৬	জনাব কামরুন্নাহার	ব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)	 ১৮/৩/২৪
৭	জনাব মোঃ নাজমুল হাসান	উপ-ব্যবস্থাপক (আইএন্ডটি)	 ১৮/৩/২৪